

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৩-

৫৭৫

আদেশ


তারিখঃ ২০১৩ খ্রিস্টাব্দ

যেহেতু, ডাঃ সানজিদা শরমিন (কোড-১১১৮৭৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, রংপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২১.০৫.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি গত ৩০.০৬.২০১১ তারিখ পর্যন্ত প্রেষণে ছিলেন। অতঃপর ০৫.০২.২০১২ তারিখ তার পদায়ন আদেশ জারি হয় এবং তিনি ২৮.০২.২০১২ তারিখে পদায়নকৃত কর্মস্থলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, রংপুরে যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন। প্রেষণ শেষে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করার বিষয়টি তাঁর জানা ছিলনা বলে অনিচ্ছাকৃত ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ সানজিদা শরমিন (কোড-১১১৮৭৫), মেডিকেল অফিসার, সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৩-

৫৭৫/১ (৩৩)

তারিখঃ ২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, রংপুর
- ৭। ✓ সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র সহকারী সচিব (পার-৫ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁর ০১.০৭.২০১১ তারিখ হতে ১৫.০২.২০১২ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, রংপুর
- ১১। ডাঃ সানজিদা শরমিন (কোড-১১১৮৭৫), মেডিকেল অফিসার, সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, রংপুর

  
(মোঃ সাইদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)